

## ইবি খুলেছে: অনির্দিষ্টকাল ক্লাস বর্জনের ঘোষণা শিক্ষকদের

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

নিয়োগ বাণিজ্যকে কেন্দ্র করে ৬০ দিন ধরে একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম বন্ধ থাকার পর শনিবার ইসলামী বিশ্ববিদ্যালয় খুলেছে। তবে স্বাভাবিক ঘটনা শিক্ষা কার্যক্রম। পরিষ্কৃতি নিয়ে পৃথকভাবে বৈঠক করেছে শিক্ষক সমিতি বঙ্গবন্ধু পরিষদ। অংশ এম বিসিএফএ করে বিকৃতি দিয়েছে প্রগতিশীল শিক্ষকদের সংগঠন শাপলা ফোরাম। নিয়োগ বাণিজ্যকে কেন্দ্র করে ২ মাস ধরে অচল হয়ে থাকা ইবি ক্যাম্পাস পুনর্দেও ৩টি বিভাগ ছাড়া (অর্থনীতি, পরিসংখ্যান, পণিত) ছাড়া অন্য কোন বিভাগে ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। পরিবহন চলাচল করার, ক্যাম্পাসে শিক্ষার্থীদের ব্যাপক উপস্থিতি থাকলেও শিক্ষকরা কোন ক্লাস-পরীক্ষায় অংশ নেননি। শিক্ষক সমিতির কার্যক্রমে সমিতির সভাপতি প্রফেসর ড. এম এল্লাহু'র আলীর সভাপতিত্বে এক জরুরি কার্যনির্বাহী সভায় বিশ্ববিদ্যালয়ের ডিপি প্রফেসর ড. এম আলভিন, প্রোভিসি প্রফেসর ড. কামাল উদ্দিন ও ট্রেজারার প্রফেসর ড. শাহজাহান আলীকে পদত্যাগের দাবিতে অনির্দিষ্টকালের ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা দেন। এছাড়া একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম (ক্লাস-পরীক্ষা, বিশ্ববিদ্যালয়ের ডিপি পরীক্ষা-২০১২-২০১৩ সেপন, সাক্ষাৎকার কার্যক্রম, শাসনামল ফাজিল-কারিগ্ন পরীক্ষা ও যে কোন ধরনের নিয়োগ ও তদন্ত) বর্জন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে শিক্ষক সমিতি। শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. আছ ম' উররিকুল ইসলাম হাফিজত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। ৩ অক্টোবর শিক্ষক সমিতি সাধারণ সভা থেকে একই দাবি সামনে রেখে বিশ্ববিদ্যালয়ের ডিপি ও প্রোভিসি ট্রেজারারকে অব্যাহিত ঘোষণা করে। কর্তমান প্রশাসন পদত্যাগ না করা পর্যন্ত তাদের আন্দোলন চলবে। প্রগতিশীল শিক্ষকদের সংগঠন শাপলা ফোরাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সৃষ্টি পরিবেশ ফিরিয়ে আনতে শিক্ষক সমিতিতে দায়িত্বশীল ডুমিকা গ্রামার আহ্বান জানান। শাপলা ফোরামের সাধারণ সম্পাদক প্রফেসর ড. আনোয়ার হোসেন বলেন, শিক্ষক সমিতি যে সিদ্ধান্ত গ্রহণ করেছে সেটি অবৈধ। কারণ শিক্ষক সমিতির সাধারণ সভা ছাড়া নতুন কোন সিদ্ধান্ত ও কর্তৃপ্তি নেয়া যায় না।